

Protect your baby from whooping cough: Bengali

আপনার শিশুকে হুপিং কফের হাত থেকে রক্ষা করুন



গর্ভাবস্থায়
গুরুত্বপূর্ণ তথ্য



Public Health
Scotland



Healthier
Scotland
Scottish
Government

NHS
SCOTLAND

হুপিং কফ কি?

হুপিং কাশি, যাকে পারটুসিসও বলা হয়, এটি হলো ফুসফুস এবং শ্বাসনালীর একটি অত্যন্ত সংক্রামক সংক্রমণ। দীর্ঘ সময় ধরে কাশি এবং শ্বাস প্রশ্বাসে সমস্যার কারণ এটি হতে পারে এবং এটি তিন মাস পর্যন্ত স্থায়ী হতে পারে। হুপিং কাশি রোগে আক্রান্ত ব্যক্তির যখন কাশি বা হাঁচি দেয় তখন বাতাসের মাধ্যমে এর সংক্রমণ ছড়িয়ে পড়ে।

৬ মাসের কম বয়সী শিশুরা এই রোগে আক্রান্ত হলে তাদের জটিলতার মুখোমুখি হওয়ার ঝুঁকি বেশি থাকে। এসব ঝুঁকির মধ্যে রয়েছে নিউমোনিয়া এবং মস্তিষ্কের স্থায়ী ক্ষতি হওয়ার মত বিষয়। সবচেয়ে খারাপ ক্ষেত্রে, এটি জীবনের জন্য হুমকিস্বরূপ হতে পারে।

হুপিং কফের ভ্যাকসিন

২০১২ সাল থেকে স্কটল্যান্ডে গর্ভাবস্থায় একটি হুপিং কফের ভ্যাকসিন অফার করা হয়। আপনাকে যে টিকা দেওয়া হবে তা হল একটি সম্মিলিত ভ্যাকসিন যা তিনটি ভিন্ন রোগ থেকে রক্ষা করে: হুপিং কফ (পেটুসিস), ডিপথেরিয়া এবং টিটেনাস। বর্তমানে শুধুমাত্র হুপিং কফের জন্য আলাদা করে কোনো ভ্যাকসিন উপলভ্য নেই।

আপনি প্রতিবার গর্ভবতী হলে আপনাকে ভ্যাকসিনের একটি ডোজ দেওয়া হবে। আপনি দুই বা ততোধিক শিশুর অর্থ্যাৎ যমজ বাচ্চার আশা করলেও এই ভ্যাকসিনটি আপনাকে সুরক্ষা প্রদান করবে।

টিকা সাধারণত আপনার বাহুর উপরের দিকে ইনজেকশন হিসাবে দেওয়া হয়। এর মধ্যে জীবন্ত কোনো উপাদান নেই এবং এটি আপনাকে হুপিং কফে আক্রান্ত করবে না।



ভ্যাকসিন সম্পর্কে আরও তথ্যের জন্য, আপনার মিডওয়াইফের সাথে কথা বলুন বা এখানে যান:
www.nhsinform.scot/whoopingcough

গর্ভাবস্থায় হুপিং
কফের টিকা নেওয়া
হলে তা হবে
আপনার শিশুর
জীবনের প্রথম
কয়েক সপ্তাহে তাকে
সুরক্ষা প্রদানের
সর্বোত্তম উপায়।

হুপিং কফের ভ্যাকসিন

আপনার শিশুকে ৪
(আট) সপ্তাহ বয়স
থেকে তাদের
শৈশবের রুটিন
টিকাদানের অংশ
হিসেবে হুপিং কাশি
টিকার চারটি ডোজ
দেওয়া হবে।

ভ্যাকসিনটি ৩ মাসের
কম বয়সী শিশুদের
হুপিং কফ থেকে
মৃত্যুর বিরুদ্ধে প্রায়
৯০% সুরক্ষা প্রদান
করে।



আপনার গর্ভাবস্থার ১৬ তম সপ্তাহ থেকে যত
তাড়াতাড়ি সম্ভব হুপিং কফের ভ্যাকসিন নেওয়া
গুরুত্বপূর্ণ যাতে আপনার শিশুর জন্মের আগে তার
শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরি হয়।

গর্ভাবস্থায় ভ্যাকসিন নেওয়া হলে তা কীভাবে আমার শিশুকে রক্ষা করবে?

ভ্যাকসিন থেকে আপনি যে রোগ প্রতিরোধ ক্ষমতা পাবেন তা প্ল্যাসেন্টা জুড়ে আপনার শিশুর শরীরে চলে যাবে, যা আপনার অনাগত শিশুর সাথে আপনার রক্ত সরবরাহকে সংযুক্ত করে। আপনার শিশুকে তার জীবনের প্রথম কয়েক সপ্তাহে তাকে হপিং কফের হাত রক্ষা করার জন্য অন্য কোনো উপায় নেই।

ভ্যাকসিন নেওয়া হলে আপনার নিজের হপিং কফে আক্রান্ত হওয়ার ঝুঁকি কমে যাবে এবং আপনার মাধ্যমে আপনার শিশু এতে আক্রান্ত ঝুঁকিও কমিয়ে দেবে।

আপনার গর্ভাবস্থার 16 এবং 32 সপ্তাহের মধ্যে আপনাকে ভ্যাকসিন দেওয়া হবে।



ভ্যাকসিনটি 3 মাসের কম বয়সী
শিশুদের হুপিং কফ থেকে
মৃত্যুর বিরুদ্ধে প্রায় 90%
সুরক্ষা প্রদান করে।



আমাকে কখন ভ্যাকসিন দেওয়া হবে?

আপনার গর্ভাবস্থার 16 সপ্তাহ থেকে যত তাড়াতাড়ি সম্ভব হুপিং
কফের ভ্যাকসিন প্রদানের সুপারিশ করা হয়। এটি আপনার শিশুর
জন্মের পূর্বে তার শরীরে পর্যাপ্ত সুরক্ষা তৈরি করতে সহায়তা করে।
আপনি 32 সপ্তাহের গর্ভবতী হওয়ার পরেও আপনি ভ্যাকসিন নিতে
পারবেন, তবে এটি আপনার শিশুকে একই স্তরের সুরক্ষা প্রদান
করবে না।

হুপিং কাশি ভ্যাকসিন কতটুকু কার্যকর?

যুক্তরাজ্যের তথ্য প্রমাণ থেকে জানা যায় যে গর্ভাবস্থায় হুপিং কাশির
টিকা দেওয়া হলে তা শিশুদের জন্মের প্রথম কয়েক সপ্তাহে তাদেরকে
হুপিং কাশি থেকে রক্ষা করার জন্য খুবই কার্যকর হয়।

আপনার শিশু আপনার মাধ্যমে যে রোগ প্রতিরোধ সুরক্ষা পাবে
সময়ের সাথে সাথে তা শেষ হয়ে যাবে, তাই শিশুর বয়স 8 সপ্তাহ হলে
তাকে নিয়মিত টিকাগুলো প্রদান করা গুরুত্বপূর্ণ।



প্রতিবার গর্ভবতী হওয়ার সময় হুপিং কফের
বিরুদ্ধে টিকা দেওয়া গুরুত্বপূর্ণ।

ভ্যাকসিনের নিরাপত্তা সুরক্ষা

টিকা সহ সকল ওষুধ ব্যবহারের অনুমতি দেওয়ার আগে তাদের নিরাপত্তা এবং কার্যকারিতা (পরীক্ষার সময় একটি টিকা অসুস্থতা কতটা প্রতিরোধ করে) পরীক্ষা করা হয়। একবার ব্যবহার শুরু হয়ে গেলে, টিকাগুলোর নিরাপত্তা এবং কার্যকারিতা (একটি জনসংখ্যার মধ্যে ব্যবহার করার পরে নির্দিষ্ট টিকাটি কতটা অসুস্থতা প্রতিরোধ করে) সতর্কতার সাথে পর্যবেক্ষণ করা হয়।

হুপিং কফ ভ্যাকসিন হলো আপনার অনাগত শিশুকে হুপিং কফের থেকে রক্ষা করার সবচেয়ে নিরাপদ এবং সহজ উপায়।

গর্ভবতী অবস্থায় টিকা দেওয়ার কোন পার্শ্বপ্রতিক্রিয়া আছে কি?

ভ্যাকসিনের পরে পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করা স্বাভাবিক। এগুলো সাধারণত হালকা হয় এবং শরীরের যেখানে ভ্যাকসিন দেওয়া হয় সেখানে লালভাব বা কোমলতা অনুভূত হতে পারে। অন্যান্য পার্শ্ব প্রতিক্রিয়ার মধ্যে রয়েছে:

- জ্বর হওয়া
- ইনজেকশনের স্থানে জ্বালা পোড়া করা
- যে হাতে ইনজেকশন দেওয়া হয়েছে সেটি ফুলে যাওয়া
- ক্ষুধা কমে যাওয়া
- মাথা ব্যাথা।

গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া অত্যন্ত বিরল।



আপনি ইয়েলো কার্ড স্কিমের মাধ্যমে www.mhra.gov.uk/yellowcard-এ ইয়েলো কার্ড অ্যাপ ব্যবহার করে বা 0800 731 6789 নম্বরে কল করে ভ্যাকসিন এবং ওষুধের সন্দেহজনক পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে রিপোর্ট করতে পারেন।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলেছে যে দুটি জিনিস যা বিশ্বের স্বাস্থ্যের উপর সবচেয়ে বেশি প্রভাব ফেলে তা হলো বিশুদ্ধ পানি এবং ভ্যাকসিন।



আমি কি একই সময়ে অন্যান্য ভ্যাকসিন পেতে পারি?

আপনার হুপিং কফের ভ্যাকসিন পাওয়ার সাথে সাথে আপনি অন্যান্য ভ্যাকসিন পাওয়ার যোগ্য হতে পারেন।



ভ্যাকসিন সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে যান:
www.nhsinform.scot/vaccinesinpregnancy

গর্ভাবস্থায় টিকা দেওয়ার বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে,
আপনার মিডওয়াইফের সাথে কথা বলুন।





অনুবাদসমূহ



সহজ পাঠ



বিএসএল



অডিও



বড় মুদ্রণ



ব্রেইল

আরও তথ্যের জন্য, অথবা অনুবাদ এবং অন্যান্য ফরম্যাটের জন্য:



www.nhsinform.scot/whoopingcough



phs.otherformats@phs.scot



0131 314 5300



জনস্বাস্থ্য স্কটল্যান্ড হলো স্কটল্যান্ডের
জনগণের স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি এবং
সুরক্ষার জন্য স্কটল্যান্ডের জাতীয় সংস্থা।

© Public Health Scotland 2025

OGL

এই প্রকাশনাটি ওপেন গভর্নমেন্ট লাইসেন্স
v3.0 এর অধীনে পুনরায় ব্যবহারের জন্য
লাইসেন্সপ্রাপ্ত। আরও তথ্যের জন্য,
www.publichealthscotland.scot/ogl
-এ দেখুন

www.publichealthscotland.scot